গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-১৬/২০১৯-২০২০

ঢাকা, ২০ জুলাই শনিবার ২০১৯, ৫ শ্রাবণ ১৪২৬

১। প্রধানমন্ত্রী যুক্তরাজ্য পৌঁছেছেন
২। প্রধানমন্ত্রী আজ বাংলাদেশি দূতদের সম্মেলনে যোগ দেবেন
৩। বাংলাদেশ দক্ষিণ এশিয়ার মধ্যে ধর্মীয় সম্প্রীতির এক অনন্য স্থান : যুক্তরাষ্ট্র পররাষ্ট্র দপ্তরের ধর্মীয় সম্মেলনে পররাষ্ট্রমন্ত্রী
৪। এসডিজি বাস্তবায়নে এগিয়ে যাচ্ছে বাংলাদেশ : জাতিসংঘের বৈঠকে পরিকল্পনামন্ত্রী
৫। বন্যা দুর্গত এলাকায় যেখানে বেশি প্রয়োজন, সেখানে আরো ত্রাণসামগ্রী পাঠানো হচ্ছে : সেতুমন্ত্রী
৬। পর্যাপ্ত ত্রাণসমাগ্রী মজুদ রয়েছে : গাইবান্ধায় ত্রাণ প্রতিমন্ত্রী
৭। বন্যার্তদের জন্য সরকার সবরকম সহায়তার ব্যবস্থা গ্রহণ করেছে : নেত্রকোণায় প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী
৮। প্রিয়া সাহার অভিযোগ উদ্দেশ্যমূলক : স্বরাষ্ট্রমন্ত্রী
৯। প্রিয়া সাহার অভিযোগ সরকার খতিয়ে দেখছে : পররাষ্ট্র প্রতিমন্ত্রী
১০। ২০০৭ সালের ১৬ জুলাই শেখ হাসিনাকে গ্রেফতার করে বন্দি করা হয় গণতন্ত্র : তথ্যমন্ত্রী
১১। এ বছর বিশ্বের সর্বোচ্চ প্রবৃদ্ধি অর্জন করবে বাংলাদেশ : কুমিল্লায় অর্থমন্ত্রী
১২। এবার দেশে চাহিদার চেয়ে ধান ও আলু উৎপাদন বেশি হয়েছে : রংপুরে বাণিজ্যমন্ত্রী
১৩। টিমওয়ার্কের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন ২২ হাজার মেগাওয়াটে নিয়ে এসেছি : কেরানীগঞ্জে বিদ্যুৎ প্রতিমন্ত্রী

চলমান পাতা-২

**১।	প্রধানমন্ত্রী যুক্তরাজ্য পৌঁছেছেন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারি সফরে যুক্তরাজ্যে পৌঁছেছেন। প্রধানমন্ত্রী এবং তাঁর সফরসঙ্গীদের বহনকারী বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি ভিভিআইপি ফ্লাইট গতকাল (১৯ জুলাই শুক্রবার) স্থানীয় সময় বিকেল ৪টায় লন্ডনের হিথ্রো আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। যুক্তরাজ্যে বাংলাদেশের হাইকমিশনার বিমানবন্দরে প্রধানমন্ত্রীকে স্বাগত জানান। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫)।

**২।	প্রধানমন্ত্রী আজ বাংলাদেশি দূতদের সম্মেলনে যোগ দেবেন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ ২০ জুলাই শনিবার লন্ডনে অনুষ্ঠিতব্য ইউরোপে অবস্থানরত বাংলাদেশি দূতদের সম্মেলনে অংশ নিবেন। এ ধরনের সম্মেলন এটিই প্রথম। গতকাল (১৯ জুলাই শুক্রবার) লন্ডনের একটি হোটেলে আয়োজিত এ সম্মেলনে ইউরোপের বিভিন্ন দেশে দায়িত্ব পালনকারী বাংলাদেশের ১৫ জন রাষ্ট্রদূত, হাইকমিশনার এবং স্থায়ী প্রতিনিধি যোগ দিবেন। পররাষ্ট্র মন্ত্রণালয় সূত্রে বলা হয়, প্রধানমন্ত্রী ইউরোপে বাংলাদেশি দূতদের সঙ্গে বিভিন্ন ইস্যু নিয়ে আলোচনা করবেন এবং তাদের প্রয়োজনীয় নির্দেশনা দিবেন। আলোচনায় রোহিঙ্গা ইস্যুটি বিশেষভাবে স্থান পাবে। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৫)।

**৩।	বাংলাদেশ দক্ষিণ এশিয়ার মধ্যে ধর্মীয় সম্প্রীতির এক অনন্য স্থান :**
**যুক্তরাষ্ট্র পররাষ্ট্র দপ্তরের ধর্মীয় সম্মেলনে পররাষ্ট্রমন্ত্রী**

যুক্তরাষ্ট্রের রাজধানী ওয়াশিংটন ডিসিতে 'ধর্মীয় স্বাধীনতায় অগ্রগতি' শীর্ষক তিন দিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলনের শেষ দিনে দেওয়া বক্তব্যে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন বলেছেন, দক্ষিণ এশিয়ার দেশসমূহের মধ্যে বাংলাদেশ ধর্মীয় সম্প্রীতির এক অনন্য স্থান। সকল ধর্মের মানুষ নিজ নিজ ধর্ম-কর্ম অবাধে পালন করছেন এবং বাংলাদেশের সংবিধান সে অধিকার নিশ্চিত করেছে। পররাষ্ট্রমন্ত্রী আরো বলেন, সারাবিশ্বে টেকসই শান্তি ও স্থিতির স্বার্থেই সহনশীলতা ও পারস্পরিক শ্রদ্ধাবোধ সর্বক্ষেত্রে জাগ্রত রাখতে সকলকে সংকল্পবদ্ধ হতে হবে। ধর্ম-বর্ণ-গোত্র নয় মানবতাকে প্রাধান্য দিতে হবে। তাহলে সামাজিক ও রাষ্ট্রীয় উন্নয়ন-পরিক্রমা ত্বরান্বিত হবে। শুধু ওয়াশিংটন ডিসিতে নয়, আঞ্চলিক পর্যায়েও এ ধরনের ধর্মীয় স্বাধীনতা বিষয়ে সম্মেলন করার পরামর্শ দিয়ে পররাষ্ট্রমন্ত্রী বলেন, শীঘ্রই বাংলাদেশ এ সম্মেলনের আয়োজক দেশ হতে আগ্রহী। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.৫)।

**৪।	এসডিজি বাস্তবায়নে এগিয়ে যাচ্ছে বাংলাদেশ : জাতিসংঘের বৈঠকে পরিকল্পনামন্ত্রী**

জাতিসংঘে এসডিজি বাস্তবায়নে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশের এগিয়ে যাওয়ার বিষয় তুলে ধরেছেন পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান। গত ১৭ জুলাই বুধবার জাতিসংঘের চলতি উচ্চপর্যায়ের রাজনৈতিক ফোরামের (এইচএলপিএফ) কান্ট্রি স্টেটমেন্টে বাংলাদেশের পক্ষে বক্তব্যে এসডিজি বাস্তবায়ন প্রচেষ্টায় বাংলাদেশের অগ্রগতির কথা বলেন তিনি। পরিকল্পনামন্ত্রী বলেন, বাংলাদেশ সামগ্রিকভাবে এবং সমাজের সবাইকে সঙ্গে নিয়ে জাতীয় উন্নয়ন পরিকল্পনা গ্রহণ ও তা বাস্তবায়ন করে যাচ্ছে। যাতে প্রতিটি নাগরিক উন্নয়ন কর্মকাণ্ডে অংশ নিতে পারে এবং উন্নয়নের সুফল পায়। গতকাল (১৯ জুলাই শুক্রবার) পরিকল্পনা মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। সূত্র-**সমকাল** (শেষ পৃ,ক.১)।

**৫।	বন্যা দুর্গত এলাকায় যেখানে বেশি প্রয়োজন, সেখানে আরো ত্রাণসামগ্রী পাঠানো হচ্ছে : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, দেশের বন্যা পরিস্থিতি মোকাবিলায় দল ও সরকারের পক্ষ থেকে পদক্ষেপ নেয়া হয়েছে। আমাদের টিম বন্যাদুর্গত এলাকায় যাচ্ছে। বন্যার্তদের সহযোগিতায় জেলা প্রশাসনের কাছে পর্যাপ্ত ত্রাণসামগ্রী আছে। যেখানে বেশি প্রয়োজন, সেখানে আরো ত্রাণসামগ্রী পাঠানো হচ্ছে। গতকাল (১৯ জুলাই শুক্রবার) আওয়ামী লীগ সভাপতির ধানমন্ডির রাজনৈতিক কার্যালয়ে এক সংবাদসম্মেলনে সেতুমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.৫)।

**৬।	পর্যাপ্ত ত্রাণসমাগ্রী মজুদ রয়েছে : গাইবান্ধায় ত্রাণ প্রতিমন্ত্রী**

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ প্রতিমন্ত্রী ডা. এনামুর রহমান বলেছেন, সরকারের হাতে পর্যাপ্ত ত্রাণসমাগ্রী মজুদ রয়েছে। বন্যাকবলিত মানুষের কাছে তা পৌঁছে দেওয়া হবে। ত্রাণের সংকট হবে না। গতকাল (১৯ জুলাই শুক্রবার) গাইবান্ধা জেলা প্রশাসক সম্মেলনকক্ষে জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির বিশেষ সভায় তিনি এসব কথা বলেন। প্রতিমন্ত্রী জানান, প্রধানমন্ত্রী শেখ হাসিনা সার্বক্ষণিক বন্যার্ত মানুষের খোঁজ-খবর রাখছেন। তিনি বন্যাকবলিতদের জন্য ত্রাণসামগ্রীসহ যেখানে যা প্রয়োজন সব ধরনের সহায়তা দানের নির্দেশ দিয়েছেন। সূত্র-**সমকাল** (পৃ.১৫,ক.১)।

৭। **বন্যার্তদের জন্য সরকার সবরকম সহায়তার ব্যবস্থা গ্রহণ করেছে : নেত্রকোণায় প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী**

মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী আশরাফ আলী খান খসরু বলেছেন, পানি কমার সঙ্গে সঙ্গে দেশের সার্বিক বন্যা পরিস্থিতিরও উন্নতি হচ্ছে। সরকার বন্যার্তদের জন্য পর্যাপ্ত ত্রাণ বরাদ্দ করেছে এবং তা বিতরণও করা হচ্ছে। বন্যায় ক্ষতিগ্রস্ত লোকদের সব রকম সহায়তা করা হচ্ছে। গতকাল (১৯ জুলাই শুক্রবার) নেত্রকোণার বারহাট্টা উপজেলার রায়পুর ইউনিয়নে বন্যা পরিস্থিতি পরিদর্শন এবং বন্যার্তদের মাঝে ত্রাণ বিতরণের পর এক মতবিনিময় সভায় মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী আরো বলেন, বন্যায় ক্ষতিগ্রস্ত সকলের পাশেই সরকার আছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার একজন মানুষকেও অসহায় অবস্থায় থাকতে দেবে না। আমরা যে কোনো মূল্যে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়ে তুলতে প্রতিজ্ঞাবদ্ধ। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৪)।

৮। **প্রিয়া সাহার অভিযোগ উদ্দেশ্যমূলক : স্বরাষ্ট্রমন্ত্রী**

সাম্প্রদায়িক নিপীড়নের শিকার বিভিন্ন দেশের প্রতিনিধিদের সঙ্গে হোয়াইট হাউজে গিয়ে মার্কিন প্রেসিডেন্ট ট্রাম্পের কাছে প্রিয়া সাহা নামের বাংলাদেশি নারী যে অভিযোগ করেছেন, তা উদ্দেশ্যমূলক বলে মন্তব্য করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। গতকাল (১৯ জুলাই শুক্রবার) বাংলা ট্রিবিউনকে দেওয়া সাক্ষাৎকারে তিনি এ মন্তব্য করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৮)।

৯। **প্রিয়া সাহার অভিযোগ সরকার খতিয়ে দেখছে : পররাষ্ট্র প্রতিমন্ত্রী**

প্রিয়া সাহা কেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের কাছে বাংলাদেশে সংখ্যালঘু নির্যাতনের মিথ্যা অভিযোগ করেছেন সরকার তা খতিয়ে দেখবে বলে জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম। গতকাল (১৯ জুলাই শুক্রবার) ফেসবুক স্ট্যাটাসে তিনি এ কথা জানান। এদিকে একই দিন ঢাকায় নিযুক্ত যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত আর্ল রবার্ট মিলারও ঐ অভিযোগ নাকচ করে বলেছেন, বাংলাদেশের সাম্প্রদায়িক সাম্প্রীতি প্রশংসা পাওয়ার যোগ্য। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৫)।

১০। **২০০৭ সালের ১৬ জুলাই শেখ হাসিনাকে গ্রেফতার করে বন্দি করা হয় গণতন্ত্র : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, ২০০৭ সালের ১৬ জুলাই শেখ হাসিনার বন্দি দিবস নয়। এটি হচ্ছে গণতন্ত্রের বন্দি দিবস। জনগণের কণ্ঠরোধ করার জন্যই সেদিন প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে গ্রেফতার করা হয়েছিল। প্রকৃতপক্ষে সেদিন ব্যক্তি শেখ হাসিনাকে গ্রেফতারের মধ্য দিয়ে গণতন্ত্রকে বন্দি করা হয়েছিল। গতকাল (১৯ জুলাই শুক্রবার) রাজধানীর সেগুনবাগিচায় বাংলাদেশ স্বাধীনতা পরিষদ আয়োজিত আলোচনা সভায় তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১)।

১১। **এ বছর বিশ্বের সর্বোচ্চ প্রবৃদ্ধি অর্জন করবে বাংলাদেশ : কুমিল্লায় অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, ২০১৯-২০ অর্থবছরের বাজেট হচ্ছে দেশের সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাজেট। আমার স্বপ্ন ছিল এমন-ই একটি বাজেট ঘোষণা করা। এ বছর বিশ্বের সর্বোচ্চ প্রবৃদ্ধি অর্জন করবে বাংলাদেশ। চলতি অর্থবছরে বাংলাদেশের প্রবৃদ্ধি ৮ দশমিক ২৫ থেকে ৮ দশমিক ৩০ শতাংশে গিয়ে দাঁড়াবে বলে আশা করছি। গতকাল (১৯ জুলাই শুক্রবার) কুমিল্লা সদর দক্ষিণ উপজেলার সুয়াগাজী এলাকায় আয়োজিত সভায় প্রধান অতিথির বক্তব্যে অর্থমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৭)।

১২। **এবার দেশে চাহিদার চেয়ে ধান ও আলু উৎপাদন বেশি হয়েছে : রংপুরে বাণিজ্যমন্ত্রী**

কৃষিতে আমরা স্বয়ংসম্পূর্ণ। এবার চাহিদার তুলনায় ধান ও আলু বেশি উৎপাদন হয়েছে। এসব খাদ্যশস্য বিদেশে রফতানি করা হচ্ছে। গতকাল (১৯ জুলাই শুক্রবার) রংপুরের পীরগাছায় তিন দিনব্যাপী ফলদ বৃক্ষ মেলার উদ্বোধনকালে বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি এসব কথা বলেন। বাণিজ্যমন্ত্রী বলেন, খাদ্যশস্যে আমরা স্বয়ংসম্পূর্ণ হয়েছি। পাশাপাশি ফলমূলেও স্বয়ংসম্পূর্ণ হতে হবে। আমাদের দেশে এ বছর প্রচুর কাঁঠাল উৎপাদন হয়েছে। দেশীয় চাহিদা মেটানোর পাশাপাশি এ ফল বিদেশে রফতানির চিন্তাভাবনা করা হচ্ছে। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.৮)।

১৩। **টিমওয়ার্কের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন ২২ হাজার মেগাওয়াটে নিয়ে এসেছি : কেরানীগঞ্জে বিদ্যুৎ প্রতিমন্ত্রী**

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বিপু বলেছেন, দেশে বিদ্যুৎ পরিস্থিতি একসময় ভয়াবহ ছিল। কিন্তু এখন টিমওয়ার্কের মাধ্যমে আমরা বিদ্যুৎ উৎপাদন ২২ হাজার মেগাওয়াটে নিয়ে এসেছি। টিমওয়ার্কের মাধ্যমে যে কোনো কাজ সুন্দরভাবে করা যায়। তাই পরিবেশ ঠিক রাখতে আমাদের ঐক্যবদ্ধ হয়ে টিমওয়ার্কের মাধ্যমে সামাজিক বনায়ন গড়ে তুলতে হবে। যেহেতু কেরানীগঞ্জের কোনো কোনো এলাকায় চাষযোগ্য জমির পরিমাণ দিন দিন কমে যাচ্ছে সেহেতু আমাদের ছাদে বাগান করে সামাজিক বনায়ন গড়ে তুলতে হবে। গতকাল (১৯ জুলাই শুক্রবার) কেরানীগঞ্জ উপজেলা পরিষদ চত্বরে আয়োজিত ফলদ বৃক্ষমেলার উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৭,ক.১)।